



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০৩.২১.৩১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

সংশোধিত বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের খসড়া কপি অনলাইনে সংশোধন প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের খসড়া কপি অনলাইনে সংশোধনের জন্য আপলোড করা হয়েছে।

পবিত্র রমজান মাস এবং আসন্ন ঈদুল-ফিতর উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি পাঠদান বন্ধ থাকায় এবং শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠানে না থাকায় নিবন্ধন কার্ডের খসড়া কপিতে ভুলত্রুটি সংশোধন করার সময়সীমা বর্ধিত করে ১৫-০৫-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। খসড়া রেজিস্ট্রেশন কার্ডের ভুলত্রুটি (যদি থাকে) প্রতিষ্ঠান কর্তৃক সংশোধনের পর এবং উল্লেখিত সময়সীমা অতিবাহিত হওয়ার পর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের চূড়ান্ত কপি অনলাইনে আপলোড করা হবে।

২। শিক্ষার্থীকে বিষয় সংশোধন বা পরিবর্তনের নির্ধারিত আবেদন ফরমে (ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আবেদন ফরম পাওয়া যাবে) আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদনপত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি এবং নিবন্ধিত বিষয় যাচাই করে অনলাইনে এ বোর্ডের ওয়েবসাইটে Our Services অংশে institute panel থেকে Group & subject change লিংকে শিক্ষার্থীর আবেদন 'সাবমিট' করবেন। শিক্ষার্থীর প্রার্থিত বিষয় সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা যাচাই করে নিশ্চিত হয়ে আবেদন সাবমিট করতে হবে। অনলাইনে আবেদন সাবমিট করার পর সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে অটোজেনারেটেড রসিদে নির্ধারিত ৮০০/- (আটশত টাকা) ফি পরিশোধ করতে হবে।

বি. দ্র. : ১। বিষয় নির্বাচনের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম-২০১২-এর একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয় কাঠামো অনুসরণ করে শাখাভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয় এবং শাখাভিত্তিক একটি ঐচ্ছিক বিষয় নির্বাচন করতে হবে।

২। আবেদন দাখিলের লিংক : (institute.jessoreboard.gov.bd->Group & subject change->Create Application)

এমতাবস্থায়, উপরেউল্লিখিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্ডের ভুলত্রুটি সংশোধন করার জন্য এবং উল্লেখিত সময়সীমা অতিবাহিত হওয়ার পর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের চূড়ান্ত কপি অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড

সংশোধনপূর্বক ডাউনলোড/প্রিন্ট করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।



১৩-৪-২০২৩

মদন মোহন দাশ

কলেজ পরিদর্শক (চলতি দায়িত্ব)

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর